তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ঝুঁকিপূর্ণ স্কুল ভবনে সাপের ভয় খোলা আকাশের নিচে পাঠদান

■ আবুল কালাম, ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

একদিকে জরাজীর্ণ ঝুঁকিপূর্ণ স্কুলভবন, অন্যদিকে বিষাক্ত সাপের ভয়। এমতাবস্থায় খোলা আকাশের নিচে চলছে উপজেলার সন্তোষপুর দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান।

ফুলবাড়ীয়া উপজেলা সদর থেকে ২০ কি.মি. দূরের পাহাড়ী জনপদ সন্তোষপুর। ১৯৭১ সালে এ জনপদে স্থাপিত প্রাথমিক বিদ্যালয়টিতে ১৯৯০ সালে চারকক্ষবিশিষ্ট একটি ভবন নির্মাণ করা হয়। অনিয়ম ও নিম্নমানের কাজ হওয়ায় এ ভবন নিয়ে সে সময় একটি মামলাও হয় বলে জানা যায়। এরই মধ্যে ভবনের ভিম ও পূর্বপাশের ছাদ ভেঙে গেছে। মাঝে মাঝে পলেস্তরা খসে পড়ে শিক্ষার্থী-শিক্ষকের মাথার উপর। একটু বৃষ্টি হলেই ছাদ চুঁইয়ে পানি পড়ে বিদ্যালয়ের ভেতরে। এতে গুরুত্বপূর্ণ ফাইল ও আসবাবপত্র নষ্ট হচ্ছে।

বিদ্যালয়ের চারপাশ ঘন জঙ্গলে ভরপুর। বিষাক্ত সাপের আনাগোনা বিদ্যালয় ভবনে। গত ছয় মাসে চারটি গোখরা সাপসহ ১০টি সাপ মারা হয়েছে শ্রেণিকক্ষ থেকে। গতবছর শিক্ষার্থীর সংখ্যা ছিল সাড়ে তিনশ'। এ বছর শিক্ষার্থীর সংখ্যা ২৩১ জন। একবছরে ঝরে গেছে শতাধিক শিক্ষার্থী। প্রধান শিক্ষক মোয়াজ্জেম হোসেন জানান, বার বার লিখিতভাবে বিদ্যালয়ের করুণ দশার বিষয়টি উপজেলা শিক্ষা অফিসকে জানানো হয়েছে। নতুন ভবন নির্মাণের আবেদন-নিবেদনও করা হয়েছে। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। ফলে বিদ্যালয়ে পাঠ নিতে আসা শিক্ষার্থীরা যেমন বিব্রত, তেমনি বিব্রত শিক্ষকরাও। উপজেলা শিক্ষা কর্মকর্তা জীবন আরা জানান, সন্তোষপুর দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় পিইপিএমআইএস-এ চাহিদা তথ্য পাঠানো হয়েছে।